

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২০১) আযানের জবাবে 'রাযিতু বিল্লা-হি রাব্বা, ওয়াবিল ইসলামি দী-না, ওয়াবি মুহাম্মাদিন নাবিয়্যা ওয়া রাসূলা।' দু'আটি কখন বলতে হবে?

হাদীছের বাহ্যিক অর্থে বুঝা যায়, মুআয্যিন যখন 'আশহাদু আল্লাইলাহা ইল্লাল্লাহ্ ওয়া আশহাদু আল্লা মুহাম্মাদান রাসূলুল্লাহ্ বলবে তখন তার জবাব দিয়ে বলবে, 'রাযীতু বিল্লা-হি রাব্বা, ওয়াবিল ইসলা-মি দী-না, ওয়াবি মুহাম্মাদিন্ নাবিয়াা ওয়া রাসূলা।' কেননা হাদীছে এসেছেঃ

مَنْ قَالَ حِينَ يَسْمَعُ الْمُؤَدِّنَ أَشْهَدُ أَنْ لا إِلَهَ إِلا اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ رَضِيتُ بِاللَّهِ رَبُّا وَبِمُحَمَّدِ رَسُولا وَبِالْإِسْلام دِينًا غُفِرَ لَهُ ذَنْبُهُ

"যে ব্যক্তি আযান শুনে বলবেঃ 'আশহাদু আন লাইলাহা ইল্লাল্লাহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান রাসূলুল্লাহ্ রাযীতু বিল্লা-হি রাব্বা, ওয়াবিল ইসলামি দ্বীনা, ওয়াবি মুহাম্মাদিন্ নাবিয়াা ওয়া রাসূলা।' অন্য রেওয়াতে বলা হয়েছেঃ "যে বলবে, 'আমিও সাক্ষয় দিচ্ছি'।" এই কথাটি প্রমাণ করে যে, উক্ত দু'আটি মুআয্যিনের 'আশহাদু আল্লাইলাহা ইল্লাল্লাহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান রাসূলুল্লাহ্' বলার পর পরই বলবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=731

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন